দৈনিক ইনকিলাব

তারিখ ১৮/১১/২০০০
পৃষ্ঠা ৪ কলাম ৫

50

## জগন্নাথ কলেজের লাইব্রেরি প্রসঙ্গে

জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ ঐতিহ্যবাহী একটি শিক্ষাপ্রতিষ্ঠান। কিন্তু এখানে যে লাইব্রেরি রহিয়াছে তাহার প্রতি কর্তৃপক্ষীয় কোন নজর আছে বলিয়া মনে হয় না। কেননা লাইব্রেরিটিতে বসিয়া পড়ালেখা করিবার মত কোন পরিবেশ নাই। তদুপরি ছাত্র-ছাত্রীরা নিজেদের প্রয়োজনে বই সংগ্রহ করিতে পারে না। অযত্ন আর অবহেলায় লাইব্রেরির অবস্থা করুণ। ইহাকে আড্ডাস্থল বলাই শ্রেয়। লাইব্রেরি কার্ড প্রদান করা হয় নামমাত্র। তাহা কোন কাজে লাগানো যায় না। এমতাবস্থায় লাইব্রেরিটি যাহাতে সত্যিকার অর্থেই পড় য়া ছাত্র-ছাত্রীদের কাজে আসিতে পারে সেজন্য উহার উন্নতিকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সমীপে সনির্বন্ধ আবেদন জানাইতেছি।

**লিপটন বড় য়া,**
এমএসএস, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ
সরকারী জগন্নাথ কলেজ, ঢাকা।